মাইলস্টোন ট্রাজেডি: বার্ন ইনস্টিটিউটে দগ্ধদের খোঁজ নিতে গেলেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস



সংগৃহীত ছবি

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের ঘটনায় আহতদের দেখতে শনিবার (২৬ জুলাই) রাতে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে যান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

স্বাস্থ্য বিভাগের সর্বশেষ তথ্যে, এ ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫ জনে। বার্ন ইনস্টিটিউটের পরিচালক ডা. নাসির উদ্দীন জানিয়েছেন, দগ্ধ রোগীদের পরিস্থিতি অনুযায়ী ভাগ করে চিকিৎসা দেওয়া হচ্ছে। বর্তমানে চীন ও সিঙ্গাপুরের বিশেষজ্ঞ চিকিৎসক দলও এই সেবায় অংশ নিচ্ছেন।

চিকিৎসাধীনদের মধ্যে ১৫ জনের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে এবং পর্যায়ক্রমে রোববার বা সোমবার তাদের ছাড়পত্র দেওয়া হবে বলে জানিয়েছেন কর্তৃপক্ষ। তবে এখনও ৩ জনের অবস্থা সংকটজনক।

হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, আহতদের চিকিৎসার জন্য এ মুহূর্তে অতিরিক্ত রক্ত বা ত্বক দাতার প্রয়োজন নেই। আহতদের সব চিকিৎসা ব্যয় সরকারিভাবে বহন করা হবে।

এদিকে, দুর্ঘটনার পর নিরাপত্তা জোরদার করা হয়েছে বার্ন ইনস্টিটিউট চত্বরে। সেনাবাহিনী, পুলিশ, র‍্যাব ও বিমান বাহিনী সমন্বিতভাবে নজরদারি চালাচ্ছে।

বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের পরিবারের প্রতি শ্রদ্ধা ও সমবেদনা জানিয়ে রোববার ও সোমবার (২৭ ও ২৮ জুলাই) বন্ধ ঘোষণা করেছে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ।